

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গবেষণা প্রকল্প নীতিমালা-২০২৬

১৭/০৩/২৬

১৭/০৩/২০২৬

১৭/০৩/২০২৬

১৭/০৩/২০২৬

১৭/০৩/২০২৬

১৭/০৩/২০২৬

১৭/০৩/২০২৬

১৭/০৩/২০২৬

১। আইনি ভিত্তি

মাদরাসা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকীকরণ এবং ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের পাঠক্রম ও পাঠ্যসূচীর আধুনিকীকরণ ও উন্নতিসাধন, শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শিক্ষকদের প্রশিক্ষণ ও যোগ্যতা বৃদ্ধিসহ মাদরাসা সংক্রান্ত যাবতীয় বিষয় ও ব্যবস্থাপনার দায়িত্ব ন্যস্ত করার লক্ষ্যে মহান জাতীয় সংসদে ২০১৩ সালে ৩৭ নং আইন পাশের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষতা বৃদ্ধি, ইসলামি জ্ঞানচর্চা, আধুনিক জ্ঞানের সমন্বয়, মাদরাসা শিক্ষার মানোন্নয়ন এবং দেশের সার্বিক উন্নয়ন সংশ্লিষ্ট সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণালব্ধ জ্ঞান নীতিনির্ধারণী ক্ষেত্রে নীতি-উপাত্ত (Policy Input) হিসাবে সরবরাহের নিমিত্ত ‘ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩’ এর ধারা-(০৫)/(খ) এবং ধারা-(৪৮)/(০১) মোতাবেক ‘ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গবেষণা প্রকল্প নীতিমালা, ২০২৬’ প্রণয়ন করা হয়।

২। সংজ্ঞা

প্রসঙ্গ বা বিষয়ের পরিপন্থি কোনো কিছু না থাকলে, এই নীতিমালায়-

- (ক) ‘বিশ্ববিদ্যালয়’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৩ এর ধারা-৪ এর অধীন স্থাপিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (Islamic Arabic University);
- (খ) ‘পাবলিক বিশ্ববিদ্যালয়’ অর্থ বাংলাদেশের অভ্যন্তরে স্থাপিত স্বায়ত্তশাসিত ও সরকারি বিশ্ববিদ্যালয়সমূহ;
- (গ) ‘সিন্ডিকেট’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-(২০) এর অধীনে গঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;
- (ঘ) ‘একাডেমিক কাউন্সিল’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-(২৩) এর অধীনে গঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;
- (ঙ) ‘বোর্ড অব এডভান্সড স্টাডিজ’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা-(১১) এর অধীনে গঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব এডভান্সড স্টাডিজ;
- (চ) ‘কর্তৃপক্ষ’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-(১৯) অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ;
- (ছ) ‘ভাইস-চ্যান্সেলর’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;
- (জ) ‘প্রো-ভাইস চ্যান্সেলর’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর;
- (ঝ) ‘ডীন’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রসমূহের প্রধান;
- (ঞ) ‘রেজিস্ট্রার’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;
- (ট) ‘পরীক্ষা নিয়ন্ত্রক’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক;
- (ঠ) ‘কেন্দ্র’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-২৫ অনুযায়ী কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র এবং কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র;
- (ড) ‘অধিভুক্ত মাদরাসা’ অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত এবং অধিভুক্ত ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের কোনো মাদরাসা;
- (ঢ) ‘গবেষক’ বলতে এই নীতিমালার অধীনে একক গবেষণার উদ্দেশ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত ব্যক্তি;
- (ণ) ‘গবেষক দল’ বলতে এই নীতিমালার অধীনে যৌথ গবেষণার উদ্দেশ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত ব্যক্তিবর্গকে বুঝাবে।

২৫/০১/২০২১

২

AC

(৩) শিরোনাম:

- (ক) এই নীতিমালা ‘ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গবেষণা প্রকল্প নীতিমালা-২০২৬’ নামে অভিহিত হবে;
(খ) এই নীতিমালা কেবল ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত গবেষণা কার্যক্রমের জন্য প্রযোজ্য হবে।

(৪) গবেষণা প্রকল্পের উদ্দেশ্য:

- (ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা এবং বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসার প্রভাষক বা তদুর্ধ্ব মানের শিক্ষকদের গবেষণা ভিত্তিক জ্ঞান, কর্মদক্ষতা বৃদ্ধি এবং উদ্ভাবন সক্ষমতার বিকাশ ঘটানো;
(খ) আরবি ও ইসলামি জ্ঞানচর্চা, আধুনিক জ্ঞানের সমন্বয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষতা বৃদ্ধি এবং মাদরাসা শিক্ষার মানোন্নয়ন করা;
(গ) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের সমস্যা চিহ্নিতকরণ এবং সঠিক ও সময়োপযোগী তথ্য-উপাত্ত সরবরাহ করে সমাধানের পথ বের করা;
(ঘ) দেশের সার্বিক উন্নয়ন সংশ্লিষ্ট সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণালব্ধ জ্ঞান নীতিনির্ধারণী ক্ষেত্রে নীতি-উপাত্ত (Policy Input) হিসাবে সরবরাহ করা।

(৫) গবেষণার বিষয়বস্তু:

- (ক) আল-কুরআন, আল-হাদিস, ইসলামি দাওয়াহ, আরবি ভাষা ও সাহিত্য, ফিকহ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ইত্যাদি বিষয়ে বিষয়ভিত্তিক গবেষণা;
(খ) মাদরাসা শিক্ষার সাথে সম্পর্কিত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ;
(গ) কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী গবেষণা প্রকল্পের উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ অন্য যে কোনো বিষয়।

(৬) গবেষণা প্রকল্পের সময়কাল:

- (ক) গবেষণা প্রকল্পের সময়কাল হবে ১ (এক) বছর। গবেষণা প্রস্তাবনা অনুমোদন সংক্রান্ত অফিস আদেশ জারির তারিখ থেকে এ সময়কাল শুরু হবে;
(খ) নির্ধারিত সময়ের মধ্যে গবেষণাকর্ম সমাপ্ত না হলে যথাযথ কারণ দেখিয়ে প্রকল্পের সময়কাল বৃদ্ধির জন্য আবেদন করা যাবে। গবেষক/গবেষক দলের আবেদনের প্রেক্ষিতে গবেষণা প্রকল্প কমিটি সর্বোচ্চ ৩ (তিন) মাস সময়কাল বৃদ্ধি করতে পারবেন;
(গ) কোনো অবস্থাতেই গবেষণা প্রকল্পের সময়কাল ১৫ (পনের) মাসের বেশি হবে না। এ সময়কালের মধ্যে গবেষণাকর্ম সমাপ্ত না হলে প্রকল্পটি বাতিল বলে গণ্য হবে এবং প্রকল্প বাবদ প্রাপ্ত সমুদয় অর্থ বিশ্ববিদ্যালয়ে ফেরত দিতে হবে।

(৭) আবেদন প্রক্রিয়া:

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। গবেষকের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও ইতোপূর্বে সম্পন্নকৃত গবেষণা প্রকল্পের শিরোনামসহ ব্যাপ্তিকাল এবং সাম্প্রতিককালে প্রকাশিত গবেষণা প্রবন্ধের তালিকা জমা দিতে হবে। নতুন প্রকল্প প্রাপ্তির ক্ষেত্রে পূর্বের সম্পন্নকৃত প্রকল্পের গবেষণাকর্ম মানসম্মত জার্নালে প্রকাশিত হলে সংশ্লিষ্ট গবেষক/গবেষকগণকে অগ্রাধিকার দেয়া হবে।

(৮) গবেষক/গবেষণা দল:

- (ক) একক বা যৌথভাবে গবেষণা প্রকল্পের কার্যক্রম পরিচালিত হবে;
(খ) একক গবেষণা প্রকল্পের ক্ষেত্রে গবেষককে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা অধিভুক্ত মাদরাসার এমফিল/পিএইচডি ডিগ্রীধারী অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রভাষক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষক হতে হবে;



(গ) যৌথ গবেষণার ক্ষেত্রে নিম্নরূপে ২ (দুই) সদস্যের গবেষণা দল গঠিত হবে:

- (১) প্রধান গবেষক: প্রধান গবেষককে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা অধিভুক্ত মাদরাসার এমফিল/পিএইচডি ডিগ্রীধারী অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রভাষক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষক হতে হবে;
- (২) সহযোগী গবেষক: ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/অধিভুক্ত মাদরাসার প্রভাষক/ তদুর্ধ্ব পর্যায়ের ১ (এক) জন শিক্ষক অথবা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা (৯ম/তদুর্ধ্ব গ্রেডের) হতে হবে।

(ঘ) একক বা যৌথ উভয় গবেষণার ক্ষেত্রে গবেষক/প্রধান গবেষক একজন কুর্তে গবেষণা সহকারী নিয়োগ দিতে পারবেন। গবেষণা সহকারীকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসা থেকে ন্যূনতম ফাজিল (স্নাতক) অনার্স ডিগ্রীধারী হতে হবে। কামিল (স্নাতকোত্তর/কামিল মাস্টার্স (১বছর মেয়াদী)/ এমফিল/পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীরাও গবেষণা সহকারী হতে পারবেন;

(ঙ) প্রকল্প অনুমোদনের ১ (এক) মাসের মধ্যে গবেষক/প্রধান গবেষককে ১ (এক) জন গবেষণা সহকারী নিয়োগ দিয়ে তার যোগদানের তারিখ, যোগদানপত্র, জীবন-বৃত্তান্ত ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটসমূহের সত্যায়িত কপি সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষের সম্মতিপত্রসহ বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে;

(চ) প্রকল্প চলাকালীন সময় গবেষণা সহকারী পদত্যাগ করলে বা কাজে ইন্তফা দিলে বা মৃত জনিত কারণে গবেষণা সহকারীর পদ শূন্য হলে ১ (এক) মাসের মধ্যে গবেষক/প্রধান গবেষক নতুন গবেষণা সহকারী নিয়োগ দিয়ে তাঁর নিয়োগপত্র ও যোগদানপত্রসহ আনুষঙ্গিক কাগজপত্র যথানিয়মে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে;

(ছ) গবেষণা সহকারীর নিয়োগপত্রে তাঁর মাসিক সম্মানী অবশ্যই উল্লেখ থাকতে হবে।

(৯) গবেষকদের অযোগ্যতা:

(ক) চাকুরি বিধি বা প্রচলিত আইনের আওতায় শাস্তি প্রাপ্ত হলে;

(খ) পিআরএল/অবসর এ যাবার পূর্বে চাকুরিকাল ন্যূনতম ১ (এক) বছর না থাকলে;

(গ) বুদ্ধিবৃত্তিক অসমতার অভিযোগে অভিযুক্ত হলে;

(ঘ) নৈতিক স্বলনের অভিযোগে অভিযুক্ত হলে; এবং

(ঙ) বিশ্ববিদ্যালয় কর্তৃক একই সময়ে অন্য গবেষণায় সম্পৃক্ত থাকলে গবেষণার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(১০) গবেষণার আর্থিক অনুদান:

(ক) একটি একক গবেষণা প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং যৌথ গবেষণা প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ দেওয়া হবে। গবেষণা প্রকল্প কমিটি গবেষণা প্রকল্পের ব্যাপ্তি (Scope) বিবেচনায় আর্থিক পরিধি পুনর্নির্ধারণ করতে পারবেন।

(খ) প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১০টি একক গবেষণা প্রকল্প ও ১০টি যৌথ গবেষণা প্রকল্প অনুমোদন করা যাবে। গবেষণা প্রকল্প কমিটি প্রয়োজনে এ সংখ্যক হ্রাস-বৃদ্ধি করতে পারবেন।

(গ) অনুমোদিত গবেষণা প্রকল্পের অর্থ ২ (দুই) কিস্তিতে ছাড় করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গবেষণা প্রকল্পের প্রস্তাবনা অনুমোদনের পর মোট বাজেটের ৩০% অর্থ ছাড় করা হবে। গবেষণা প্রকল্পের চূড়ান্ত সমাপ্ত প্রতিবেদন বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত হলে অবশিষ্ট ৭০% অর্থ ছাড় করা হবে।

(ঘ) যৌথ গবেষণার ক্ষেত্রে প্রধান গবেষক গবেষণা প্রকল্পের জন্য মোট বরাদ্দের ৩০% ও সহযোগী গবেষক মূল বরাদ্দের ১৫% সম্মানী হিসেবে গ্রহণ করবেন। গবেষণা সহকারীর (যদি থাকে) সম্মানী প্রধান গবেষক নির্ধারণ করবেন, তবে তা মাসিক ৬,০০০/- (ছয় হাজার) টাকার বেশী হবে না। অন্যান্য খাতের ব্যয় প্রস্তাবনা প্রধান গবেষক আবেদন ফরমে উল্লিখিত খাত অনুযায়ী নির্ধারণ করবেন।

(ঙ) একক গবেষণার ক্ষেত্রে গবেষক গবেষণা প্রকল্পের জন্য মোট বরাদ্দের ৪০% সম্মানী হিসেবে গ্রহণ করবেন। গবেষণা সহকারীর (যদি থাকে) সম্মানী গবেষক নির্ধারণ করবেন, তবে তা মাসিক ৬,০০০/- (ছয় হাজার) টাকার বেশী হবে না। অন্যান্য খাতের ব্যয় প্রস্তাবনা গবেষক আবেদন ফরমে উল্লিখিত খাত অনুযায়ী নির্ধারণ করবেন।

৪/০১/২০২২

(১১) গবেষণা প্রস্তাবের বিষয়:

(১) একটি গবেষণা প্রস্তাবে সাধারণভাবে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে;

- (ক) গবেষণার শিরোনাম (Title);
- (খ) ভূমিকা (Introduction);
- (গ) সমস্যা চিহ্নিতকরণ (Problem Identification/Problem Statement);
- (ঘ) গবেষণার প্রশ্ন (Research Question);
- (ঙ) গবেষণার যৌক্তিকতা (Rationale of the Research);
- (চ) গবেষণার উদ্দেশ্য (Objectives);
- (ছ) প্রত্যাশিত ফলাফল (Expected Result) (Optional);
- (জ) গবেষণার পরিধি (Scope of Research);
- (ঝ) গবেষণা পদ্ধতি (Methodology);
- (ঞ) গবেষণা কাঠামো (Organization of Chapters);
- (ট) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time-bound Action Plan); এবং
- (ঠ) প্রস্তাবিত বাজেট (Proposed Budget)

(১২) গবেষণা প্রকল্প কমিটি:

ক) গবেষণা প্রকল্প সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তত্ত্বাবধান ও পরিচালনার জন্য নিম্নরূপে একটি কমিটি গঠিত হবে; যা গবেষণা প্রকল্প কমিটি নামে অভিহিত হবে।

- (১) ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় - সভাপতি
- (২) প্রো ভাইস চ্যান্সেলর (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় - সদস্য
- (৩) ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় - সদস্য
- (৪) ডীন (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় - সদস্য
- (৫) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২ (দুই) জন সহকারী অধ্যাপক বা তদুর্ধ্ব পদমর্যাদার শিক্ষক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) - সদস্য
- (৬) অন্য পাবলিক বিশ্ববিদ্যালয় হতে ১ (এক) জন অধ্যাপক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) - সদস্য
- (৭) অধিভুক্ত মাদরাসার ১ (এক) জন পিএইচডি ডিগ্রীধারী অধ্যক্ষ বা শিক্ষক (সহকারী অধ্যাপক/সমমান) - সদস্য
- (৮) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় - সদস্য
- (৯) উপ রেজিস্ট্রার/সমমান (গবেষণা শাখা), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় - সদস্য সচিব

(খ) গবেষণা প্রকল্প কমিটি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অন্য কোনো সদস্য কো-অপ্ট করতে পারবেন। কমিটির মনোনীত সদস্যদের মেয়াদ হবে ২ (দুই) বছর। তবে, নতুন সদস্য মনোনীত না হওয়া পর্যন্ত পূর্বের কমিটি বহাল থাকবে।

(গ) গবেষণা প্রকল্প কমিটির সদস্য সচিব কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(১৩) গবেষণা প্রকল্প কমিটির কর্মপরিধি:

গবেষণা প্রকল্প কমিটির কর্মপরিধি হবে নিম্নরূপ:

- (ক) গবেষণা প্রস্তাব আহ্বান, প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনা ও প্রাথমিকভাবে বাছাই করা;
- (খ) নির্বাচিত গবেষণা প্রস্তাবসমূহ অনুমোদনের বিষয়ে সিন্ডিকেটের নিকট মতামত/সুপারিশ প্রদান করা;
- (গ) গবেষণা প্রকল্পসমূহের বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সাধন করা;

(ঘ) গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন;

(ঙ) সম্পাদিত গবেষণার ফলাফল প্রকাশনা সম্পর্কে মতামত প্রদান এবং গবেষণার ফলাফলের বিষয়ে করণীয় সম্পর্কে সুপারিশ প্রদান;

(চ) প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদিত গবেষণা প্রস্তাবসমূহ পরিমার্জনের জন্য সংশ্লিষ্ট গবেষকগণকে পরামর্শ প্রদান;

(ছ) এই নীতিমালার (৫) এ বর্ণিত গবেষণার বিষয়বস্তুর আলোকে গবেষণার বিষয়বস্তুর অগ্রাধিকার নির্বাচন ;

(জ) গবেষণা প্রকল্প কমিটির কোনো সদস্য কোনো গবেষণা দলে অন্তর্ভুক্ত থাকলে, তিনি গবেষণা প্রস্তাব যাচাই, নির্বাচন ও মূল্যায়ন কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না;

(ঝ) কমিটির সভায় অর্ধেকের বেশি সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হয়েছে মর্মে গণ্য হবে।

(১৪) গবেষণা প্রস্তাব অনুমোদন:

(ক) গবেষণা প্রকল্প কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব সিভিকেট কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হবে;

(খ) অনুমোদিত গবেষণা প্রস্তাবনাসমূহের শিরোনাম, বরাদ্দকৃত বাজেট ও গবেষকের নাম-তাকানা উল্লেখ করে সংশ্লিষ্ট শাখা অফিস আদেশ জারি করবে।

(১৫) গবেষণা প্রকল্পের প্রতিবেদন জমা ও মূল্যায়ন:

(ক) গবেষক/গবেষণা দল প্রতি ৩ (তিন) মাস অন্তর গবেষণা প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন;

(খ) ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ভিত্তিতে গবেষণা প্রকল্প কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা/সংশোধনীর (যদি থাকে) আলোকে গবেষক/গবেষণা দল প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন তৈরী করবেন;

(গ) চূড়ান্ত প্রতিবেদনের ৩ (তিন) কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে; যার মধ্যে ২ (দুই) কপিতে গবেষক/গবেষণা দলের নাম-পরিচয় উল্লেখ থাকবে না। শুধুমাত্র গবেষণার শিরোনাম ও সংশ্লিষ্ট অন্যান্য তথ্য থাকবে। অন্য ১ (এক) টি কপিতে গবেষক/গবেষণা দলের নাম-পরিচয়সহ গবেষণার শিরোনাম ও অন্যান্য সকল তথ্য থাকবে;

(ঘ) চূড়ান্ত প্রতিবেদনের সাথে নির্ধারিত ফরমে প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থের খাতভিত্তিক ব্যয় বিবরণী সংযোজন করতে হবে;

(ঙ) গবেষণা প্রকল্পসমূহ সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞ ও যোগ্য বিশেষজ্ঞ দ্বারা Peer Review প্রক্রিয়ার মাধ্যমে মূল্যায়ন করা হবে;

(চ) প্রত্যেকটি গবেষণা প্রকল্প মূল্যায়নের জন্য গবেষণা প্রকল্প কমিটি ২ (দুই) জন রিভিউয়ার নির্ধারণ করবে;

(ছ) রিভিউয়ারের রিপোর্টের আলোকে গবেষণা প্রকল্প কমিটি 'গবেষণা প্রকল্প' চূড়ান্ত অনুমোদনের জন্য সিভিকেটের নিকট সুপারিশ করবে। সিভিকেটে অনুমোদনের পরই কেবল গবেষণা প্রকল্প চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে মর্মে বিবেচিত হবে;

(জ) একজন 'রিভিউয়ার' একই অর্থ বছরে একাধিক গবেষণা প্রকল্প মূল্যায়ন করতে পারবেন;

(ঝ) প্রতিটি চূড়ান্ত গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য প্রত্যেক রিভিউয়ার ৮,০০০/ (আট হাজার) টাকা হারে সম্মানী পাবেন।


(১৬) গবেষণা প্রকল্পের তহবিলের উৎস :

বিশ্ববিদ্যালয়ের গবেষণা খাতের বরাদ্দকৃত অর্থ অথবা দেশি ও বিদেশি সংস্থা/প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ থেকে গবেষণা প্রকল্পের ব্যয় পরিচালিত হবে।

(১৭) গবেষণা প্রতিবেদনের স্বত্ব

(ক) গবেষণা প্রতিবেদনের স্বত্ব বিশ্ববিদ্যালয়ের নিকট ন্যস্ত থাকবে। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গবেষক/গবেষণা দল কর্তৃক দেশি বিদেশি স্বীকৃত জার্নালে প্রকাশ করতে পারবেন। বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property) ও কপিরাইট (Copyright)-সংক্রান্ত বিষয়ে 'কপিরাইট আইন, ২০০০' এবং এ সংক্রান্ত প্রচলিত অন্যান্য আইন এবং বিধি-বিধান অনুসরণ করতে হবে। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় গবেষণার ফলাফল সংক্রান্ত কোনো মতামত প্রদান বা প্রতিবেদন প্রকাশ করা যাবে না;

০৫/০১/২০২১



(খ) গবেষণা প্রকল্পে চূড়ান্ত প্রতিবেদন পরবর্তীতে গ্রন্থাকারে প্রকাশ করতে চাইলে বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি নিতে হবে। তবে, প্রকাশিত গ্রন্থের শিরোনাম পৃষ্ঠায় 'গবেষণা প্রকল্পটি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত' এটি লিপিবদ্ধ করতে হবে।

(১৮) গবেষণা প্রকল্প গ্রন্থাকারে প্রকাশ:

(ক) কোনো গবেষণা প্রকল্প গ্রন্থাকারে প্রকাশের উপযুক্ত বিবেচিত হলে গবেষণা প্রকল্প কমিটি সিন্ডিকেটের নিকট গ্রন্থাকারে প্রকাশের সুপারিশ করবে;

(খ) সিন্ডিকেটে অনুমোদন হলে সংশ্লিষ্ট দপ্তর/শাখাকে প্রকল্পটি গ্রন্থাকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(গ) গবেষণা প্রকল্পটি গ্রন্থাগারে প্রকাশের ক্ষেত্রে সংযোজন, বিয়োজন, পরিমার্জন ও সংশোধন প্রয়োজন হলে সংশ্লিষ্ট গবেষক তা সম্পন্ন করবেন;

(ঘ) গবেষণা প্রকল্প গ্রন্থাকারে প্রকাশের ক্ষেত্রে সংশ্লিষ্ট গবেষক কোনো প্রকার আপত্তি করতে পারবেন না।

(১৯) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়:

(ক) গবেষণা প্রস্তাবনা চূড়ান্ত অনুমোদন লাভের পর কোনো গবেষক/গবেষণা দল গবেষণা পরিচালনা করতে অপারগতা প্রকাশ করলে পরবর্তী দুই অর্থবছর তিনি/তারা কোনো গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন না;

(খ) প্রদত্ত প্রতিবেদন মৌলিক এবং প্রতিবেদন বা এর কোন অংশ অপর কোন প্রতিবেদন বা উৎস হতে আহরিত নয় মর্মে গবেষণা দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করবেন;

(গ) Turnitin বা এই জাতীয় অন্য কোনো Software ব্যবহার করে গবেষণা প্রকল্প কমিটি গবেষণার মৌলিকত্ব বা বিশুদ্ধতা যাচাই করবে। এই ক্ষেত্রে সমরূপতার গ্রহণযোগ্য সীমা (Acceptance Level of Similarity Index) হবে সর্বোচ্চ ২৫%। প্রতিবেদনে Plagiarism প্রমাণিত হলে ঐ গবেষণা প্রকল্প বাতিল হবে এবং সংশ্লিষ্ট গবেষক/গবেষক দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বলে বিবেচিত হবেন এবং প্রকল্প বাবদ প্রাপ্ত সমুদয় অর্থ বিশ্ববিদ্যালয়ে ফেরত দিতে বাধ্য থাকবেন;

(ঘ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য-উপাত্তের Reference এর ক্ষেত্রে APA পদ্ধতি অনুসরণ করতে হবে;

(ঙ) গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issues নিশ্চিত করতে হবে; জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোনো ব্যক্তিকে হয় প্রতিপন্ন করে এই ধরনের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন কিংবা কাউকে পীড়া দেয় এমন কোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক - ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাবে না;

(চ) সংগৃহীত তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজ্য ক্ষেত্রে তথ্য প্রদানকারীর গোপনীয়তা নিশ্চিত করতে হবে;

(ছ) গবেষণা দলের কোনো সদস্যের বিরুদ্ধে অনিয়ম কিংবা অর্পিত দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ উত্থাপিত হলে কর্তৃপক্ষ সেই বিষয়ে তদন্তক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন;

(জ) বিশ্ববিদ্যালয়ের অনুমতিক্রমে গবেষণালব্ধ ফলাফল যথাযথ প্রচার নিশ্চিতকরণে বিভিন্ন মাধ্যমে প্রচার করা যাবে (যেমন: কর্মশালা/সেমিনার, প্রাতিষ্ঠানিক যোগাযোগ, ওয়েবসাইট ইত্যাদি);

(ঝ) গবেষণার চূড়ান্ত বিল ভাউচারের ০১ (এক) কপি বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রকল্প সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে;

(ঞ) সময়ের পরিবর্তন কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় গবেষণা নীতিমালার কোনো পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজন হলে গবেষণা প্রকল্প কমিটির সুপারিশের ভিত্তিতে তা যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করবেন;

(ট) এই নীতিমালায় বর্ণিত কোনো বিষয়ে কোনো প্রশ্ন উত্থাপিত হলে বা কোনো প্রকার জটিলতা তৈরি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে;

(ঠ) প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে তিন মাস সময়ের জন্য বিদেশ গমনের পূর্বে গবেষক/গবেষণা দলের প্রধান বিশ্ববিদ্যালয়কে অবশ্যই অবহিত করবেন;

(ড) গবেষক/গবেষণা দলের প্রধান কর্মস্থল/বিশ্ববিদ্যালয় পরিবর্তন হলে অবশ্যই প্রকল্প স্থানান্তরের বিষয়টি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে গবেষণা প্রকল্প কমিটির সভাপতিকে লিখিতভাবে অবহিত করতে হবে;

(ঢ) বিশ্ববিদ্যালয়সমূহের অন্যান্য আর্থিক লেনদেনের মতো বিশ্ববিদ্যালয়ের গবেষণা সংক্রান্ত যাবতীয় আর্থিক লেনদেনের বিষয়টিও বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষণ (**Internal audit**) ও সরকারি নিরীক্ষণের আওতাভুক্ত হবে।

(ণ) বিশ্ববিদ্যালয়ের বিধিবদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটিসমূহের সভাগুলোতে সভাপতি ও সদস্যবৃন্দ যেরূপ সম্মানী ও আর্থিক সুবিধাপ্রাপ্ত হন গবেষণা প্রকল্প কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ সেরূপ সম্মানী পাবেন এবং সভায় আপ্যায়ন বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকা (জনপ্রতি) হারে ব্যয় করা যাবে।

(২০) সংশোধন ও পরিমার্জন


(ক) এই নীতিমালা সংক্রান্ত যে-কোনো ধরনের সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের প্রয়োজন হলে 'গবেষণা প্রকল্প কমিটি' সংশ্লিষ্ট বিষয়ে একাডেমিক কাউন্সিলে সুপারিশ প্রেরণ করবে। একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত হলেই কেবল তা কার্যকর হবে;

(খ) বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল, সিন্ডিকেট ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় যে সকল আইন/বিধি/সংবিধি/প্রবিধি/নীতিমালা প্রণীত হবে এবং তাতে গবেষণা প্রকল্প সংশ্লিষ্ট কোনো বিষয় থাকলে তা এই নীতিমালার অংশ হিসেবে গণ্য হবে।


২৫/০১/২০২১











পরিশিষ্ট-ক (স্বাক্ষর)

১৫ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত ২য় সভায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রকল্প কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটির নিম্নবর্ণিত সদস্যবৃন্দ কর্তৃক 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গবেষণা প্রকল্প নীতিমালা-২০২৬' চূড়ান্ত করা হয়:

ক্রম.	নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে অবস্থান	স্বাক্ষর
১	প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান ভাইস চ্যান্সেলর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সভাপতি	
২	প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম প্রো-ভাইস চ্যান্সেলর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য	
৩	ড. মুহাম্মদ রুহুল আমীন অধ্যাপক, আরবি ভাষা ও সাহিত্য বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য	
৪	ড. মোঃ ইদ্রিস আলী অধ্যাপক, দাঁওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া	সদস্য	
৫	ড. শেখ মোঃ ইউসুফ অধ্যাপক, ইসলামিক স্টাডিজ বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য	
৬	ড. মোহাম্মদ আবুবকর ছিদ্দীক অধ্যক্ষ বাঘিয়া আল-আমিন কামিল মাদরাসা, বরিশাল সদর, বরিশাল	সদস্য	
৭	ড. মোঃ মোরশেদ আলম মুহাদ্দিস দুর্বাটি এম ইউ কামিল মাদরাসা, কালিগঞ্জ, গাজীপুর	সদস্য	
৮	জনাব আশফাক আখতার সহকারী অধ্যাপক (ইংরেজি) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য	
৯	জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম চৌধুরী সহকারী অধ্যাপক, ইসলামিক স্টাডিজ বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য	
১০	জনাব মোঃ হারুনুর রশীদ সহকারী অধ্যাপক, আরবি ভাষা ও সাহিত্য বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য-সচিব	